# কুরআন রিসার্চ ফাউন্ডেশন

ফোর-ইন-ওয়ান কুরআন শিক্ষাকোর্স লেভেল-০১ (১২তম ব্যাচ)

লেকচারশীট-১

আরবী ব্যাকরণ ও অক্ষর

---

❖ আরবী ব্যাকরণ জানার কল্যাণ

১. অর্থ বুঝে সরাসরি কুরআনের জ্ঞান অর্জন করা যায়

তবে-

বর্তমানে পৃথিবীর সকল বড় ভাষায় কুরআনের অনুবাদ আছে। তাই কুরআনের জ্ঞান অর্জনের নিতীমালা জানা থাকলে-

- অনুবাদ পড়ে বর্তমানে কুরআনের যথেষ্ট ভাল জ্ঞান অর্জন করা সম্ভব
- অনুবাদে থাকা ভুল সনাক্ত করাও সম্ভব

২. কুরআন মুখস্থ পড়ার সময় ভুল কম হয়

إِنَّا أَنْزَلْنَاهُ فِي لَيْلَةِ الْقَدْرِ . وَمَا أَدْرَاكَ مَا لَيْلَةُ الْقَدْرِ . لَيْلَةُ الْقَدْرِ خَيْرٌ مِنْ أَلْفِ شَهْرٍ.

৩. কুরআন পড়ে অধিক মজা পাওয়া যায়

---

❖ আরবী ব্যাকরণের সংজ্ঞা

আরবী ব্যকরণের একক কোন নাম নেই। একে সাধারণত عِلْمُ الصَّرْفِ وَ عِلْمِ النَّحْوِ বলা হয়। অর্থাৎ দু'টি অংশের সমন্বয়ে আরবি ব্যকরণ গঠিত হয়। যথা-

১. عِلْمُ الصَّرْفِ বা শুধু الصَّرْفُ

২. عِلْمِ النَّحْوِ বা শুধু النَّحْوُ

❖ عِلْمُ الصَّرْفِ

عِلْمُ الصَّرْفِ বলতে আরবী ব্যকরণের সে দিককে বুঝায় যেখানে শব্দের বিভিন্ন পরিবর্তন (যা অর্থে পরিবর্তন আনে) নিয়ে আলোচনা করা হয়।

❖ عِلْمِ النَّحْو

عِلْمِ النَّحْو বলতে আরবী ব্যকরণের সে দিককে বুঝায় যেখানে নিম্নোক্ত বিষয়ের আলোচনা থাকে-

বাক্যের গঠন

বাক্যস্থিত শব্দসমূহের পারস্পরিক সম্পর্ক

শব্দসমূহের শেষ বর্ণের সাথে জড়িত অক্ষর বা হরকতের পরিবর্তন।

❖ صِيْغَة

কর্তার পুরুষ, লিংঙ্গ ও বচন অনুযায়ী ক্রিয়ার পরিবর্তনকে صِيْغَة বলে।

---

❖ আরবী অক্ষর (**حُرُوْف**)

- আরবী অক্ষর ২৯টি
- শ্রেণীবিভাগ:

১. সূর্য অক্ষর/ الحُرُوْفُ الشَّمْسِيَّةُ

২. চন্দ্র অক্ষর/ الحُرُوْفُ القَمَرِيَّةُ

৩. মাদের অক্ষর/ حُرُوْفُ المَدِّ

৪. অসুস্থ বা দুর্বল অক্ষর/ حُرُوْفُ العِلَّةِ

৫. সুস্থ বা সবল অক্ষর/ الحُرُوْفُ الصَّحِيْحَةُ

৬. আলিফ-মাকসুরা

❖ সূর্য অক্ষর (**اَلْحُرُوْفُ الشَّمْسِيَّةُ**)

- যে বর্ণের পূর্বে اَلْ যোগ হলে ঐ বর্ণ তাশদিদ গ্রহণ করে এবং اَلْ এর লাম অনুচ্চারিত থাকে তাকে সূর্য অক্ষর (اَلْحُرُوْفُ الشَّمْسِيَّةُ) বলে
- সূর্য অক্ষর ১৪টি

| | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| ض | ص | ش | س | ز | ر | ذ | د | ث | ت |
| | | | | | | ن | ل | ظ | ط |

| |
|---|
| عَلَيْكُمْ وَرَحْمَةَ اللهِ اَلسَّلَامُ |
| اَلصَّلَاةُ خَيْرٌ مِنَ النَّوْم |

চন্দ্র অক্ষর (اَلْحُرُفُ القَمَرِيَّةُ)

- যে বর্ণের পূর্বে اَلْ যোগ হলে বর্ণটি তাশদিদ গ্রহণ করে না এবং اَلْ এর লাম উচ্চারিত হয় তাকে চন্দ্র অক্ষর (اَلْحُرُفُ القَمَرِيَّةُ) বলে
- চন্দ্র অক্ষর ১৫টি

১৫টি চন্দ্র অক্ষর (حُرُفُ القَمَرِيَّةُ)

| | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| ك | ق | ف | غ | ع | خ | ح | ج | ب | أ |
| | | | | | ي | ء | ه | و | م |

| |
|---|
| حَيَّ عَلَى الْفَلَاح |
| اَلْحَمْدُ لِلّٰهِ رَبِّ الْعَالَمِينَ |
| أَعُوْذُ بِاللّٰهِ مِنَ الشَّيْطَانِ الرَّجِيْمِ |
| وَالشَّمْسِ وَضُحَاهَا |
| وَالْقَمَرِ إِذَا تَلَاهَا |

---

❖ মাদ্দের অক্ষর/ حُرُفُ مَدٌّ

মাদ্দের অক্ষর তিনটি। যথা-

| | | |
|---|---|---|
| ى | و | ا |

❑ মাদ্দের স্থান-

- পেশের বামে و সাকিন
- যেরের বামে ى সাকিন এবং
- যবরের বামে খালি ।
- মনে রাখার উপায়- نُوْحِيْهَا

أَعُوْذُ بِاللّٰهِ مِنَ الشَّيْطَانِ الرَّجِيْمِ

❖ মাদ্দের সাথে অর্থের সম্পর্ক

এক আলিফ টানের সাথে অর্থ পরিবর্তন হওয়া না হওয়া সম্পর্কযুক্ত

তিন বা চাঁর আলিফ টান শুধু পাঠকে মধুর করার জন্য

| |
|---|
| ذٰلِكَ الْكِتَابُ لَا رَيْبَ ۛ فِيهِ ۛ |

| |
|---|
| এটি সেই কিতাব যাতে কোন সন্দেহ নেই। (বাকারা/২ : ২) |
| ذَٰلِكَ الْكِتَابُ لَرَيْبَ ۛ فِيهِ ۛ |
| এটি সেই কিতাব যাতে অবশ্যই সন্দেহ আছে। |

এক, তিন ও চাঁর আলিফ টানের সময়ের পরিমান নির্দিষ্ট নয় তবে সমানুপাতিক হতে হবে

❖ অসুস্থ বা দুর্বল অক্ষর/حُرُوْفُ عِلَّةٌ

অসুস্থ বা দুর্বল অক্ষর তিনটি-

| | | |
|---|---|---|
| ي | و | ا |

এদেরকে অসুস্থ বা দুর্বল বলা হয় এ কারণে যে, শব্দের গঠনের বিভিন্ন পরিবর্তনের সময় এগুলোর একটি অন্যটির স্থলাভিসিক্ত হয়। যেমন-

قَوَلَ قَالَ

كَوَنَ كَانَ

❖ সুস্থ বা সবল অক্ষর (حُرُوْفُ صَحِيْحَة)

অসুস্থ বা দুর্বল ব্যতীত বাকি সব অক্ষর সুস্থ বা সবল।

❖ আলিফ-মাকসুরা

কোন শব্দের শেষ অক্ষর ي হলে এবং তার পূর্বের অক্ষরে যবর থাকলে ي -এর নোক্তা ও হরকত উঠে যায় এবং উচ্চারণ মাদ-এর ا (আলিফ)-এর মতো হয়। এই ى কে আলিফ-মাকসুরা বলে। যেমন-

| | | |
|---|---|---|
| عِيْسَى | | عِيْسَي |

---

❖ বাংলা, ইংরেজী ও আরবী পারিভাষিক শব্দাবলি

| বাংলা | ইংরেজী | আরবী |
|---|---|---|
| শব্দ/পদ | Word/ Parts of speech | كَلِمَةٌ |
| বাক্য | Sentence | جُمْلَةٌ |
| বিশেষ্য | Noun | اِسْمٌ |
| বিশেষণ | Adjective | النَّعَتُ |
| সর্বনাম | Pronoun | الضّمِيْرُ |
| অব্যয় | Particle | حَرْفٌ |

| | | |
|---|---|---|
| ক্রিয়া | Verb | فِعْلٌ |
| ক্রিয়ার মূল অক্ষর | Root letter of verb | مَدَّةٌ (ف, ع, ل / ن, ص, ر) |
| মূল ক্রিয়া (ক্রিয়ার অতীত কালের, পুং লিঙ্গের, নাম পুরুষের, একবচন) | | مُجَرَّدٌ (فَعَلَ/نَصَرَ) |
| ক্রিয়া-বিশেষ্য/ ক্রিয়ামূল | Verbal noun/ Noun of action | اَسْمَاءُ الْفِعلِ/ اَلْمَصْدَرُ (اَلْفِعْلُ/اَلْنَصْرُ) |

| | | |
|---|---|---|
| কর্তা-বিশেষ্য | Active particple | اَسْمَاءُ الْفَاعِلِ |

| | | |
|---|---|---|
| কর্ম-বিশেষ্য | Passive particple | اَسْمَاءُ الْمَفْعُوْلِ |
| স্থান ও সময়-বিশেষ্য | Noun of place & time | اَسْمَاءُ الظَّرْفِ |
| স্থান-বিশেষ্য | Noun of place | اَسْمَاءُ الْمَكَانِ |
| সময়-বিশেষ্য | Noun of time | اَسْمَاءُ الزَّمَانِ |

| | | |
|---|---|---|
| যন্ত্র-বিশেষ্য | Noun of instrument | اَسْمَاءُ الْاٰلَةِ |
| জাতি-বিশেষ্য | Generic noun | اِسْمُ الْجِنْسِ |
| একক-বিশেষ্য | Noun of unity | اِسْمُ الْوَاحِدَةِ |
| সমষ্টি-বিশেষ্য | Collectime noun | اِسْمُ الْجَمْعِ |
| আধিক্য-বিশেষ্য | Noun of intensity | اِسْمُ الْمُبَالَغَةِ |

| | | |
|---|---|---|
| তুলনা/অগ্রাধিকার বিশেষণ | Comparative adjective/Noun of preference | اِسْمُ التَّفْضِيْلِ |
| বিযুক্ত সর্বনাম | Separate pronoun | الضَّمَايِرُ الْمُنْفَصِلَةُ |
| যুক্ত সর্বনাম | Attached pronoun | الضَّمَايِرُ الْمُتَّصِلَةُ |
| নির্দেশক-সর্বনাম | Demonstrative pronoun | اَسْمَاءُ الْإِشَارَةِ |

| | | |
|---|---|---|
| সংযোজক সর্বনাম | Conjunctive pronoun | اَسْمَاءُ الْمَوْصُوْلَةِ |
| সম্বন্ধসূচক অব্যয় | Preposition | حُرُوْفُ الْجَرِّ |
| সংযোজক অব্যয় | Conjunction | حُرُوْفُ الْعَطْفِ |
| আবেগসূচক অব্যয় | Interjection | حُرُوْفُ النِّدَاءِ |
| ক্রিয়া বিশেষণ | Adverb | اَوْصَفُ الْفِعْلِ/الضَّرْفُ |
| প্রথম/নাম পুরুষ | Third person | اَلْغَائِبُ |

| | | |
|---|---|---|
| মধ্যম পুরুষ | Second person | اَلْمُخَاطَبُ/اَلْحَاضِرُ |
| উত্তম পুরুষ | First person | اَلْمُتَكَلِّمُ |
| একবচন | Singular | اَلْمُفْرَدُ/اَلْوَاحِدُ |
| দ্বিবচন | Dual | اَلْمُثَنَّى/اَلتَّثْنِيَةُ |
| বহুবচন | Plural | اَلْجَمْعُ |

| | | |
|---|---|---|
| পুংবাচক | Masculine | اَلْمُذَكَّرُ |
| স্ত্রীবাচক | Feminine | اَلْمُؤَنَّثُ |
| নির্দেশকভাব | Indicative mood | مَرْفُوْعٌ |
| সাপেক্ষভাব | Subjunctive mood | مَنْصُوْبٌ |
| যুসীভভাব | Jussive mood | مَجْزُوْمٌ |

| | | |
|---|---|---|
| অনুজ্ঞা/আদেশ বাচক ভাব | Imperative mood | فِعْلُ الْأَمْرِ |
| কতৃকারক | Nominative case | اَلرَّفْعُ/ مَرْفُوْعٌ |
| কর্মকারক | Accusative case | اَلنَّصْبُ/ مَنْصُوْبٌ |
| সম্বন্ধকারক | Genetive case | اَلْجَرُّ/مَجْرُوْرٌ |
| কতৃবাচ্য | Active voice | اَلْمَعْرُوْفُ/اَلْمَعْلَوْمُ |
| কর্মবাচ্য | Passive voice | اَلْمَجْهُوْلُ |

## Laboratory Test

ইতোমধ্যে শেখা ব্যাকরণ ব্যবহার করে সালাতের পঠিত বিষয় অনুধাবন
উচ্চারণের পার্থেক্যের জন্য অর্থের পরিবর্তন

قُلْ هُوَ اللَّهُ أَحَدٌ

(ইখলাস/১১২ : ১)
উচ্চারণ قُلْ হলে অর্থ: বলো তিনি আল্লাহ, অদ্বিতীয়।
উচ্চারণ كُلْ হলে অর্থ: খাও, তিনি আল্লাহ, অদ্বিতীয়।

----------------------------------------------------------------------------------------------------

টানের (মাদ) পার্থেক্যের জন্য অর্থের পরিবর্তন

لَا أَعْبُدُ مَا تَعْبُدُونَ

(কাফিরূন/১০৯ : ২)

لَا তে এক আলিফ টান দিলে অর্থ: আমি তার দাসত্ব করি না যার দাসত্ব তোমরা করো
لا তে এক আলিফ টান না দিলে অর্থ: আমি অবশ্যই তার দাসত্ব করি যার দাসত্ব তোমরা করো।

ভাব প্রকাশের পার্থেক্যের জন্য অর্থের পরিবর্তন

اِهْدِنَا الصِّرَاطَ الْمُسْتَقِيمَ

(ফাতিহা/১ : ৬)
সরল অর্থ: আমাদের স্হায়ীভাবে সঠিক পথটি দেখান
প্রার্থনার সুরে পড়লে অর্থ হয়- সঠিক পথ দেখানোর জন্য আল্লাহকে আদেশ করা।
আদেশের সুরে পড়লে অর্থ হয়- সঠিক পথ পাওয়ার জন্য আল্লাহর নিকট প্রর্থনা করা।
আল কুরআনে আছে প্রায় ৭৮০০০ শব্দ
সূরা ফাতিহার শব্দসমূহ ৭৫০০ বার আল-কুরআনে ব্যবহৃত হয়েছে!!!

عَلَيْكُمْ وَرَحْمَةُ اللهِ اَلسَّلَامُ

সালামের অর্থ কী?

عَلَيْكُمْ وَرَحْمَةُ اللهِ اَلسَّلَامُ

আপনাদের উপর সকল শান্তি ও আল্লাহর রহমত (বর্ষিত হোক)

কোনটি অধিক উত্তম?
১. اَلسَّلَامُ عَلَيْكُمْ وَرَحْمَةُ اللهِ
২. Good morning
৩. জানি না
কারণ কী?

**مع السلام**
Thanks